

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ৮৮/২০১৮

তারিখঃ ২৪/১২/২০১৮খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পরিচালক (নিরাপত্তা)/চবক এর দপ্তরাদেশ নামা -৩৬৫/২০১৮, তারিখ, চট্টগ্রামঃ ২০ ডিসেম্বর, ২০১৮ইংরেজী সম্মানিত সদস্য/সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-

মোঃ মিজানুর রহমান
সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক (নিরাপত্তা বিভাগ চবক এর দপ্তরাদেশ নামা নং-৩৬৫/২০১৮

তারিখ, চট্টগ্রাম ২০ ডিসেম্বর, ২০১৮ ইংরেজী

বিষয়ঃ- **চবক এর নিরাপত্তা বিভাগ হতে ইস্যুকৃত Port Entry Pass নবায়নের সময়সীমা আগামী ৩১/০১/২০১৯ পর্যন্ত বর্ধিত করণ প্রসঙ্গে।**

সূত্রঃ ক। পরিচালক (নিরাপত্তা)/চবক এর দপ্তরাদেশনামা নং-৩২৮/২০১৮ তারিখ-৩০ অক্টোবর, ২০১৮ইং।

১। সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সূত্র পত্র 'ক' এর অনুবৃত্তিক্রমে বন্দর ব্যবহারকারী হিসেবে সরকারী, বেসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান ও বন্দর সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী এবং নিয়োজিত শ্রমিকদের অনুকূলে চবক এর নিরাপত্তা বিভাগ হতে ইস্যুকৃত Port Entry Pass এর নবায়ন কার্যক্রম আগামী ৩১ জানুয়ারী ২০১৯ইং পর্যন্ত বর্ধিত করা হলো।

২। উক্ত নবায়ন কার্যক্রমে বন্দর ব্যবহারকারী সকল প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী ও শ্রমিকদের প্রয়োজনীয় ডকুমেন্টসসহ সরকার কর্তৃক নির্ধারিত সর্বমোট ফি টাকা ৩৪৫/- (তিনশত পঁয়তালিশ টাকা মাত্র) (ফি ৩০০/- টাকা + ১৫% ভ্যাট =৪৫/- টাকা) প্রদান করতঃ আগামী এক বৎসরের জন্য (০১/০১/২০১৯ইং থেকে ৩১/১২/২০১৯ইং পর্যন্ত) নবায়ন করার অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত তারিখের মধ্যে Port Entry Pass নবায়ন করা না হলে পরবর্তীতে জরিমানা প্রদান পূর্বক নবায়ন কার্য সম্পন্ন করতে হবে।

৩। উল্লেখ্য, কোন প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীর নামে ইস্যুকৃত Port Entry Pass আংশিক নবায়ন করা হবে না বরং Port Entry Pass নবায়ন/বাতিলের মাধ্যমে হালনাগাদ করতে হবে।

৪। এতদ্বিষয়ে আপনাদের সার্বিক সহযোগিতা একান্ত কাম্য।

স্বাক্ষরিত/-

পরিচালক (নিরাপত্তা)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

e-mail: ds@cpa.gov.bd

নং-১৮.০৪.০০০০.১৩২.১৮.০৭.১৬/১৭০৩

তারিখ ৪-১৯/১২/২০১৮ইং।